# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

বিতর সলাতে দু’আ কুনুত পড়া

বিতর সলাতে দু’আয়ে কুনুত পড়ার কথা নাবী (ﷺ) থেকে সহীহ সূত্রে প্রমাণিত নয়। শুধু ইবনে মাজাহ শরীফের একটি হাদীছে তাতে দু’আ কুনুত পড়ার কথা উল্লেখ আছে। ইমাম আহমাদ বিন হাম্বাল (রহঃ) বলেন- নাবী (ﷺ) থেকে এ বিষয়ে সহীহ সূত্রে কিছুই বর্ণিত হয়নি। তবে উমার (রাঃ) পূর্ণ এক বছর বিতর সলাতে দু’আয়ে কুনুত পড়েছেন।

সুনান গ্রন্থসমূহের লেখকগণ দু’আয়ে কুনুতের ব্যাপারে হাসান বিন আলী (রাঃ) থেকে একটি হাদীস বর্ণনা করেছেন। ইমাম তিরমিযী এই হাদীস সম্পর্কে বলেন- হাদীসটি হাসান, তবে তা আবুল হাওরা সা’দীর সনদ ব্যতীত অন্য কোন সনদে বর্ণিত হয়েছে বলে আমাদের জানা নেই।

বিতর সলাতে দু’আয়ে কুনুত পড়ার কথা উমার, উবাই বিন কা’ব এবং আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত হয়েছে। ইমাম আবু দাউদ ও নাসাঈ উবাই বিন কা’ব (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, রসূল (ﷺ) বিতর সলাতের প্রথম রাকআতে সূরাতুল আ’লা, দ্বিতীয় রাকআতে সূরা কাফিরুন এবং তৃতীয় রাকআতে সূরা ইখলাস পাঠ করতেন। বিতর সলাত শেষে সালাম ফেরানোর পর তিনি তিনবারسُبْحَانَ الْمَلِكِ الْقُدُّوسِ পাঠ করতেন। তৃতীয়বার আওয়াজ লম্বা ও উঁচু করতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3759

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন